ক্যান্টনমেন্ট বোর্ড অফিস
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯-১১-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মোঃ শাহজাহান মিয়া এর সভাপতিত্বে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে ২৯-১১-৯২ ইং বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপঃ-

১। লেঃ কর্ণেল মহঃ আসাদুল ইসলাম,
সি এম ই এস (আর্মি),
ঢাকা সেনানিবাস। - সদস্য - অনুপস্থিত।

২। উইং কমান্ডার ম মাসিদুর রহমান,
অধিনায়ক,
প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাশার এর প্রতিনিধি,
ঢাকা সেনানিবাস। - সদস্য - উপস্থিত।

৩। মেজর মোঃ শামছুল হক,
অধিনায়ক, এস এইচ ও
এস ই এম ও'র প্রতিনিধি, সি এম এইচ,
ঢাকা সেনানিবাস। - সদস্য - উপস্থিত।

৪। লেঃ এম, জি, হোসেন,
বি এন এস হাজী মহসিন,
ঢাকা সেনানিবাস। - সদস্য - উপস্থিত।

৫। স্কোঃ লেঃ (অবঃ) এ বি এম এ রশিদ,
ডি ও এইচ এস বনানী,
ঢাকা সেনানিবাস। - সদস্য - উপস্থিত।

৬। জনাব মোঃ আবদুল ওয়াহাব,
প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট,
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। - সদস্য - অনুপস্থিত।

৭। লেঃ কর্ণেল(অবঃ) শামছুল হক,
ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। - সদস্য - উপস্থিত।

৮। উইং কমান্ডার (অবঃ) এম, শামছুর রহমান,
ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। - সদস্য - উপস্থিত।

৯। কমান্ডার (অবঃ) টি, আই, এম, নুরুন নবী,
ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি। - সদস্য - উপস্থিত।

১০। লেঃ কর্ণেল(অবঃ) শামছুল আলম জোয়ারদার,
ডি ও এইচ মহাখালী এর প্রতিনিধি। - সদস্য - উপস্থিত।

১১। জনাব মোঃ আবদুল করিম,
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার,
ঢাকা ক্যান্টনমেন্ট। - সেক্রেটারী - উপস্থিত।

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্য সূচীর আলোকে বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

**প্রস্তাব নং-১ঃ** গত ৩১-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্ত কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

গত ৩১-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী অনুমোদনের জন্য উহা সভায় পাঠ করিয়া শুনানো হয়।

**গৃহীত সিদ্ধান্তঃ-** গত ৩১-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হয়ে উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল।

২য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-২ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর,৯২ ইং মাসের আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৩ঃ** এস ই এম ও'র অক্টোবর,৯২ ইং মাসের মাসিক স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত প্রতিবেদন অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৪ঃ** ডি ও এইচ এস বনানীএর বকেয়া পানির বিল আদায় প্রসংগে।

স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা অধিদপ্তরের উথ্যাপিত আপত্তির প্রেক্ষিতে ডি ও এইচ এস বনানীএর বকেয়া পানির বিল বাবদ মোট ৩২,২৬৮/-(বত্রিশ হাজার দুইশত আটষট্টি) টাকা আদায়ের ব্যাপারে কি কার্যক্রম গ্রহন করা যায় উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ডি ও এইচ এস বনানীএর বকেয়া পানির বিল আদায়ের ব্যাপারে পুনরায় সংশ্লিষ্ট সকলকে তাগিদ পত্র ইস্যু করার জন্য সি,ই,ও,ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-৫ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার বাড়ী হস্তান্তর/নামজারী প্রসংগে।

মহাখালী ডি ও এইচ এস এলাকার ৪৮ নং প্লটে (বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত) অবস্থিত বাড়ীর নামজারীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে হেবা/দানপত্রে প্রাপ্ত মালিকের আবেদন ও দলিল পত্র এবং উহার উপর বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল। তবে দানপত্রে মালিকের সম্পূর্ন সম্পত্তি হেবা/দান করা যায় কিনা এই ব্যাপারে বিস্তারিত জানার জন্য পরবর্তী বোর্ড মিটিংয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হউক।

**প্রস্তাব নং-৬ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার ৩য় ধাপের ২৭ নং রোডের পুনঃ সলিং করনের দরপত্র অনুমোদন করণ।

মহাখালী ডি ও এইচ এস এলাকার ৩য় ধাপের ২৭ নং রোডের পুনঃ সলিং করনের নিমিত্ত মেসার্স কাশেম এন্ড সন্স কর্তৃক এম ই এস সিডিউল ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ৫% উর্ধ হার অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত কাজের জন্য মেসার্স কাশেম এন্ড সন্স কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ৫% উর্ধ হারের পরিবর্তে এম ই এস সিডিউল ১৯৯০ ইং অনুযায়ী সমহার(এ্যাটপার) অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-৭ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার জন্য ডাষ্টবিন সরবরাহের দরপত্র অনুমোদন করণ।

মহাখালী ডি ও এইচ এস এলাকার জন্য প্লেনসিটের তৈরী ডাষ্টবিন সরবরাহের নিমিত্ত মেসার্স পেয়ার আহম্মদ এন্ড ব্রাদার্স কর্তৃক এম ই এস সিডিউল ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ১৭% উর্ধ হার অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত দর অনুমোদন করা গেল।

৩য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৮ঃ** মহাখালী ডি ও এইচ এস এলাকার বিভিন্ন বাড়ীর গেইটের ড্রেনের উপর লোহার জালী স্থাপন করা প্রসংগে।

মহাখালী ডি ও এইচ এস এলাকার নির্মিত বাড়ী সমূহের গাড়ী
লক্ষ্য করা গিয়াছে যে, মহাখালী ডি ও এইচ এস এলাকার নির্মিত বাড়ী সমূহের গাড়ী পরিস্কারের পানি এবং বৃষ্টির পানি প্রায়শঃ রাস্তায় জমিয়া থাকে। উক্ত পানি যাহাতে রাস্তায় জমিয়া না থাকে তজ্জন্য বাড়ীর মালিক কর্তৃক বাড়ীর গেইটের সামনে ড্রেন নির্মান করতঃ উক্ত ড্রেনে লোহার জালী স্থাপন করিয়া মাষ্টার ড্রেনের সহিত সংযোজন দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মহাখালী ডি ও এইচ এস এলাকার সকল বাড়ীর মালিক কর্তৃক নিজ খরচে বাড়ীর গেইটের সামনে ড্রেন নির্মান করতঃ উক্ত ড্রেনে লোহার জালী স্থাপন করিয়া মাষ্টার ড্রেনের সহিত সংযোজন দেওয়ার প্রস্তাবটি অনুমোদন করা গেল। বিষয়টি কার্যকরী করার ব্যাপারে সংশ্লিষ্ট সকল বাড়ীর মালিককে পত্র লিখার জন্য সি,ই,ও,ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-৯ঃ** নিজস্ব জমির সীমানা লংঘন করিয়া অবৈধ ভাবে পার্শ্ববর্তী জমিতে দেওয়াল নির্মান এবং লোহার গেইট স্থাপন প্রসংগে তদন্ত আদালত।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/সি নং বাড়ীর মালিক কর্তৃক নিজস্ব জমিতে সীমানা লংঘন করিয়া কি ভাবে পার্শ্ববর্তী জমিতে দেওয়াল নির্মান এবং লোহার গেইট স্থাপন করিয়াছেন উক্ত বিষয়ে তদন্ত আদালতের প্রতিবেদন বিবেচনা করণ। এতদ্বিষয়ে সাভুক্ত অধিদপ্তর, ঢাকা সেনানিবাসের পত্র নং-৭/এমএলএক্সসি/ঢাকা/১৯৮/শা-৩/২৭, তারিখঃ ২৯-১০-৯২ ইং উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়োক্ত ব্যাপারে তদন্ত আদালতের প্রতিবেদন অবহিত হইয়া উক্ত প্রতিবেদনের মন্তব্য ও সুপারিশের সহিত এবং উহার উপর ষ্টেশন কমান্ডার মহোদয়ের মতামতের সহিত অত্র বোর্ড একমত পোষন করেন। এতদ্বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহনের নিমিত্ত তদন্ত প্রতিবেদনটি সাভুক্ত অধিদপ্তরে প্রেরনের জন্য সি,ই,ও,ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-১০ঃ** বিমান বাহিনী গার্ডরুম হইতে সেন্ট্রাল মস্‌জিদ পর্যন্ত সড়কে সোডিয়াম বাতি অপসারণ করিয়া ৪'-০" টিউব লাইট স্থাপন প্রসংগে।

জি ই(বিমান) কুর্মিটোলা ঢাকা সেনানিবাসের পত্র নং-৪২০০/১৯১/ই৩, তারিখঃ ২২-১১-৯২ ইং এর প্রেক্ষিতে বিমান বাহিনী গার্ডরুম হইতে সেন্ট্রাল মস্‌জিদ পর্যন্ত সড়কের ৬৫ টি সোডিয়াম বাতি অপসারণ করিয়া তদস্থলে ৪'-০" ডবল টিউব লাইট স্থাপন এর নিমিত্ত এম ই এস সিডিউল ১৯৯০ ইং অনুযায়ী মোট ৯০,০০০/-(নব্বই হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ৬৫ টি সোডিয়াম বাতি অপসারণ করিয়া তদস্থলে ৪'-০" ডবল টিউব লাইট স্থাপনের নিমিত্ত মোট ৯০,০০০/-(নব্বই হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। তবে বর্তমানে স্থাপিত সোডিয়াম বাতিগুলি (টিউব লাইট স্থাপনের সময়) বোর্ডের আওতাধীন আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সি,ই,ও,ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-১১ঃ** ঢাকা সেনানিবাসের শহীদ জাহাংগীর গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত শহীদ সরণীর দু'পার্শ্বের নিরাপত্তা বাতির খুঁটি রং করণ।

ঢাকা সেনানিবাসের শহীদ জাহাংগীর গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত শহীদ সরণীর দু'পার্শ্বের নিরাপত্তা বাতির খুঁটি সমূহ রং করনের নিমিত্ত মেসার্স রহমান কর্পোরেশন কর্তৃক এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ৫% উর্ধ হার অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত দর অনুমোদন করা গেল।

-৪র্থ পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সভায় গৃহীত প্রস্তাবাবলী প্রসংগে।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গত ৩১-১০-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডের সভায় ২৮(গ) নং প্রস্তাবের উপর গৃহীত সিদ্ধান্ত পুনঃ বিবেচনা করণ/সংশোধন করণ। এতদসম্পর্কে সি এম ই এস (আর্মি) ঢাকা এর পত্র নং-২০৫৭/ক্যান্ট বোর্ড/২০/ই-২, তারিখঃ ১১-১১-৯২ ইং উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী সদস্য হিসাবে বোর্ডের বিভিন্ন নির্মানাধীন প্রকল্প মাঝে মাঝে পরিদর্শন করার জন্য সি এম ই এস (আর্মি) ঢাকাকে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-১৩ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ডায়া থারমী ক্রয়।

ক্যান্টঃ জেনারেল হাসপাতালের জন্য ডায়া থারমী ফোর্স-৪০ (ইলেকট্রো সার্জিক্যাল জেনারেটর) ক্রয়ের জন্য মেসার্স সানি ট্রেডিং এজেন্সি কর্তৃক প্রদত্ত ৬,০৪,৮১০/-(ছয় লক্ষ চার হাজার আটশত দশ টাকার সর্বনিম্ন দর অনুমোদন করণ। এতদসংক্রান্ত সকল কাগজ পত্র উপস্থাপিত হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মেসার্স সানি ট্রেডিং এজেন্সির সর্বনিম্ন দরপত্র অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-১৪ঃ** ক্যান্টঃ আবাসিক এলাকার বাড়ী হস্তান্তর/নামজারী প্রসংগে।

ক্যান্টঃ আবাসিক এলাকার ৩০-ডি/১ নং প্লটে অবস্থিত বাড়ীর নাম জারীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে খরিদকৃত মালিকদের আবেদন ও দলিল পত্র এবং উহার উপর বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার প্লট নং-৩০-ডি/১ নং প্লট ও উক্ত প্লটে নির্মিত বাড়ীর মূল মালিক জনাব মজিবুর রহমানের ওয়ারিশগন ১৬-৭-৭৭ ইং তারিখে ১১৯৪৪ নং রেজিষ্ট্রি দলিল মূলে জনাব মোঃ আবদুর রাজ্জাককে আম-মোক্তার নিয়োগ করেন। জনাব মোঃ আবদুর রাজ্জাক ১৭-১-৮১ ইং তারিখে ৯৬৩৭ নং রেজিষ্ট্রি দলিল মূলে উক্ত প্লটের পশ্চিম অংশে ১২৪০ বর্গফুট জায়গা জনাব মোঃ মহিরুদ্দিন আহম্মদের নিকট বিক্রি করেন এবং পূর্বাংশে ১২৬০ বর্গফুট জায়গা ১১-২-১৯৮২ ইং তারিখে ৫১৮ নং রেজিষ্ট্রি দলিল মূলে তাঁহার স্ত্রী মোসাম্মাৎ মমতাজ বেগমের নামে বিক্রি করেন। উক্ত অবস্থায় জনাব মোঃ মহিরুদ্দিন আহম্মদ, পিতা-মোঃ নঈমুদ্দিন আহম্মদ এবং মোসাম্মাৎ মমতাজ বেগম, স্বামী- জনাব মোঃ আবদুর রাজ্জাকের নামে নাম জারী ফি মোট ২,০০০/-(দুই হাজার) টাকা গ্রহন করিয়া সম্পূর্ন অবিভাজ্য ও অবিভক্ত অবস্থায় নাম জারী করার সিদ্ধান্ত গৃহীত হইল। পুনরায় মোসাম্মাৎ মমতাজ বেগম তাঁহার অংশ ২৬-১০-১৯৮৬ ইং তারিখে ৭৯২৫ নং রেজিষ্ট্রি দলিল মূলে সুবেদার মেজর(অবঃ) মোঃ নজরুল ইসলামের তিন ছেলে (১) মোঃ মাজহারুল ইসলাম (২) মোঃ আজহারুল ইসলাম (৩) মোঃ মনিরুল ইসলামের নিকট বিক্রি করেন। তাঁহাদের গত ১৮-৫-১৯৯২ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে উপরোক্ত প্লট সম্পূর্ন অবিভাজ্য ও অবিভক্ত অবস্থায় মোট ২,০০০/-(দুই হাজার) টাকা নাম জারী ফি গ্রহন করিয়া জনাব মোঃ মহিরুদ্দিন আহম্মদ, পিতা-মোঃ নঈমুদ্দিন আহম্মদ এবং সুবেদার মেজর(অবঃ) জনাব মোঃ নজরুল ইসলামের তিন ছেলে (১) মোঃ মাজহারুল ইসলাম (২) মোঃ আজহারুল ইসলাম (৩) মোঃ মনিরুল ইসলাম এর নামে নাম জারী করার সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৫ঃ** ক্যান্ট আবাসিক এলাকার বাড়ী হস্তান্তর/নামজারী প্রসংগে।

ক্যান্ট আবাসিক এলাকার ৮ নং প্লটে অবস্থিত বাড়ীর নাম জারীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে খরিদকৃত মালিকদের আবেদন ও দলিল পত্র এবং উহার উপর বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

৫ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১৬ঃ** সালামীর টাকা কিস্তি করণ প্রসংগে।

বেংগল কালার ফটো ইন্ডাষ্ট্রির নামে ক্যান্ট সুপার মার্কেটের সিঁড়িঘর বরাদ্দের প্রেক্ষিতে ইন্ডাষ্ট্রির মালিক উক্ত দোকানের সালামী ২,৩২,০৮৪/- টাকা ২০(বিশ) কিস্তিতে গ্রহন করার জন্য ১৬-১১-৯২ ইং তারিখে যে আবেদন করেন উহার উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদনটি বিবেচনা করা গেলনা।

**প্রস্তাব নং-১৭ঃ** মিরপুর ১৪ নং মোড়ে যাত্রী ছাউনী বরাদ্দ প্রসংগে।

মিরপুর ১৪ নং মোড়ের অব্যবহৃত যাত্রী ছাউনী ঔষধ দোকানের জন্য বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে ঔষধ প্রশাসন পরিদপ্তরের উচ্চমান সহকারী জনাব এ এম এস মাহবুবুল হকের ০৪-১%-৯২ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদনটি বিবেচনা করা গেলনা।

**প্রস্তাব নং-১৮ঃ** দোকানের জন্য জায়গা বরাদ্দ প্রসংগে।

মিরপুর গামী সড়কের পূর্ব পার্শ্বে ক্যান্ট সুপার মার্কেটে সাগর ডেকোরেটরের পার্শ্বে একটি দোকানের প্লট/জায়গা বরাদ্দের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ। এতদ্ব্যাপারে মিসেস আমেনা মোস্তফার ২২-৮-৯২ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদনটি বিবেচনা করা গেল না।

**প্রস্তাব নং-১৯ঃ** গার্মেন্টস ফ্যাক্টরী করার জন্য ট্রেড লাইসেন্স প্রসংগে।

কচুক্ষেত এলাকায় গার্মেন্টস ফ্যাক্টরী করার জন্য হিরা এ্যাপারেলস (প্রাঃ) লিঃ এর ডাইরেক্টার এর ১৬-১১-৯২ ইং তারিখের আবেদন বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহন।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়ে বর্ণিত গার্মেন্টস ফ্যাক্টরী যে বিল্ডিংয়ে স্থাপন করা হইবে উহাতে অদ্যাবধি ক্যান্টনমেন্ট বোর্ডের কোন হোল্ডিং নম্বর না পড়ায় বর্তমান অবস্থায় বিষয়টি বিবেচনা করা গেল না।

**প্রস্তাব নং-২০ঃ** শহীদ সরণীতে রোড মার্কিং করনের গ্রুপ-"ক" এর দরপত্র অনুমোদন করণ।

শহীদ জাহাংগীর গেইট হইতে গলফ ক্লাব গেইট পর্যন্ত শহীদ সরণী রোড মার্কিং করনের নিমিত্ত গ্রুপ-"ক" এর জন্য মেসার্স আর আর এন্টারপ্রাইজ কর্তৃক এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ১০১% উর্ধ হার অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত কাজের জন্য মেসার্স আর আর এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত দর ১০১% উর্ধ হারের পরিবর্তে ৯০% উর্ধ হার অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-২১ঃ** শহীদ সরণীতে রোড মার্কিং করনের গ্রুপ-"খ" এর দরপত্র অনুমোদন করণ।

গলফ ক্লাব গেইট হইতে সিগন্যাল গেইট পর্যন্ত শহীদ সরণী রোড মার্কিং করনের নিমিত্ত গ্রুপ-"খ" এর জন্য মেসার্স শামছু মেটাল ইন্ডাষ্ট্রিজ কর্তৃক এম ই এস সিডিউল ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত ১০৯% উর্ধ হার অনুমোদন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত কাজের জন্য মেসার্স শামছু মেটাল ইন্ডাষ্ট্রিজ কর্তৃক প্রদত্ত দর ১০৯% উর্ধ হারের পরিবর্তে ৯০% উর্ধ হার অনুমোদন করা গেল।

৬ষ্ঠ পৃঃদ্রঃ

নং-২২ঃ সেনানিবাস এলাকায় বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করণ প্রসংগে।

সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের নিমিত্ত নিম্ন বর্ণিত প্লটের মালিকগনের বাড়ীর নক্সা অনুমোদন করা।

সিদ্ধান্তঃ- সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের নিমিত্ত নিম্ন বর্ণিত ৮(আট) জন আবেদনকারীর বাড়ীর নক্সা অনুমোদন করা গেল ঃ-

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল (অবঃ) এম, সামছুল হক | ৩ নং | ডি ও এইচ এস বনানী, ঢাকা ক্যান্ট (সংশোধিত) |
| ২। | লেঃ কর্ণেল মোঃ শাহজাহান মিয়া, পিএসসি, | ৪২৩(যৌথ) | ডিওএইচএস মহাখালী, ঢাকা ,, (সংশোধিত) |
| ৩। | কর্ণেল মোঃ নূরুল ইসলাম | ২৯৭ | ডিওএইচএস মহাখালী, ঢাকা ক্যান্ট |
| ৪। | মিসেস নাসরীন হাসান | ২০৮ | ডিওএইচ এস মহাখালী, ঢাকা ক্যান্ট (সংশোধিত) |
| ৫। | মিঃ মহিউদ্দিন ভূঁইয়া ও অন্যান্য | ১৪৮(আংশিক) | লালাসরাই, ঢাকা ক্যান্ট। |
| ৬। | কর্ণেল নজমুল আলম | ৩০৭ | ডিওএইচএস মহাখালী, ঢাকা ক্যান্ট (সংশোধিত) |
| ৭। | লেঃ কর্ণেল আনোয়ারুজ্জামান | ৩৭২ | ডিওএইচএস মহাখালী, ঢাকা ক্যান্ট (সংশোধিত) |
| ৮। | লেঃ কর্ণেল মোঃ নূরুল ইসলাম | ২৯৯ | ডিওএইচএস মহাখালী, ঢাকা ক্যান্ট |

ব নং-২৩ঃ ক্যান্টনমেন্ট বর্ধিত এলাকায় বহুতল বিশিষ্ট ভবন নির্মানের অনুমতি প্রদান প্রসংগে আলোচনা।

হীত সিদ্ধান্তঃ- পরবর্তী সভায় বিবেচনা করা হইবে।

স্তাব নং-২৪ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের টেম্পো ষ্ট্যান্ড স্থানান্তর প্রসংগে আলোচনা।

হীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বর্তমান টেম্পো ষ্টান্ডটি আখ বিএসের স্থানে স্থানান্তরের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হইল।

স্তাব নং-২৫ঃ বিবিধঃ

(ক) ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণীর বি এন এস হাজী মহসিন এর সম্মুখে ও অন্যান্য স্থানে রোড ডিভাইডার স্থাপনের নিমিত্ত মেসার্স আলেক ইঞ্জিনিয়ার্স কর্তৃক এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ১২% উর্ধ হার অনুমোদন করা।

(খ) শহীদ পরিবার হিসাবে ১০৩ (নূতন) ১৮/এ(পুরাতন) নং ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ বাড়ীটি স্থায়ী ভাবে বন্দোবস্ত/জমি বরাদ্দ করনের নিমিত্ত মাধুরী রাণী দত্তের আবেদন বিবেচনা করা। এই প্রসংগে সাভূসে অধিদপ্তর, ঢাকা সেনানিবাসের পত্র নং-৭/এমএলএনডসি/ঢাকা/২০৯/শা-৩/৫৯, তারিখঃ ২৩-১১-৯২ ইং উপস্থাপন করা হইল।

(গ) এম ই এস পানি সরবরাহ লাইন হইতে সংযোজন গ্রহন করতঃ মানিকদী আদর্শ নিকেতনে পানির লাইন স্থাপনের নিমিত্ত মোট ৬১,৩০০·০০(একষট্টি হাজার তিন [illegible]) টাকার (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী) মূল্যানুমান অনুমোদন করা।

৭ম পৃঃ দ্রঃ

(ঘ) ক্যান্ট সুপার মার্কেটের সি/৯১ ও সি/৯২ নং দোকানের ভাড়াটিয়া উচ্ছেদ করণ সহ পাওনা টাকা আদায়ের ব্যাপারে মিসেস হাজী নয়লা বেগমের ২৫-১১-৯২ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

(ঙ) বনানী রেল গেইটের উত্তর পূর্ব কোনে সার্ক শীর্ষ সম্মেলন উপলক্ষে পেভার নির্মানের জন্য মোট ৫,৯৯,৩০০/-(পাঁচ লক্ষ নিরানব্বই হাজার তিনশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা ।

গৃহীত সিদ্ধান্তঃ-

(ক) ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণীর বি এন এস হাজী মহসিন এর সম্মুখে ও অন্যান্য স্থানে রোড ডিভাইডার স্থাপনের নিমিত্ত মেসার্স আলেক ইন্জিনিয়সার্স কর্তৃক এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯১ ইং অনুযায়ী প্রদত্ত সর্বনিম্ন দর ১২% উর্ধ হারে অনুমোদন করা গেল ।

(খ) বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল ।

(গ) আদর্শ বিদ্যা নিকেতনে পানির লাইন সংস্থাপনের নিমিত্ত এম ই এস সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী মোট ৬১,৩০০/-(একষট্টি হাজার তিনশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল ।

(ঘ) বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল ।

(ঙ) বনানী রেল গেইটের উত্তর পূর্ব কোনে পেভার নির্মানের জন্য মোট ৫,৯৯,৩০০/-(পাঁচ লক্ষ নিরানব্বই হাজার তিনশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল ।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন ।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।

( কর্নেল মোঃ শাহজাহান মিয়া )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।